ফ্রি ই-মেইল একাউন্ট

wPwVi e`‡j P‡j Avm‡Q B-‡gBj| w`‡b w`‡b wbfikxj n‡q cowQ Avgiv B-‡gB‡ji Dci| wbZ¨ bZb †ei n‡”Q wd †gBj A¨vKvD›U... **জাহাঙ্গীর আলম জুয়েল**

বিশ্বব্যাপী জনপ্রিয় সার্চ ইঞ্জিন গুগলের নতুন ই-মেইল সার্ভিস হলো জি-মেইল। এটি ই-মেইল একাউন্টের জন্য ১ গি.বা. স্পেস দিচ্ছে। যদিও এখন পর্যন্ত বেটা ভার্সনে জি-মেইল সাধারণ ব্যবহারকারীদের নাগালে আসেনি তবে জি-মেইল সোয়াপ থেকে বুদ্ধি খাটিয়ে আপনি জি-মেইল একাউন্ট পেতে পারেন। জি-মেইল সোয়াপ (www.gmailswap.com) হলো একটি কমিউনিটি ওয়েবসাইট। যারা জি-মেইল একাউন্ট পেয়েছেন তারা পরিচিত বেশ কয়েকজনকে জি-মেইল একাউন্টের জন্য রেফার করতে পারেন। জি-মেইল সোয়াপ সাইটে মূলত যারা জি-মেইল একাউন্ট পেয়েছেন ও যারা জি-মেইল একাউন্ট পেতে আগ্রহী তারা এক্সেস করেন। যারা একাউন্ট পেতে আগ্রহী তারা বিভিন্ন সোয়াপ (বার্তা) লিখে জি-মেইল একাউন্টধারীদের মনোযোগ আকর্ষণের চেষ্টা করে থাকেন। একাউন্টধারী যদি বার্তা দেখে সন্তুষ্ট হয় তাহলে সে তাকে রিপ্লাই পাঠাবে এবং একাউন্টের জন্য আমন্ত্রণ জানাবে। জি-মেইল সোয়াপে বার্তা লিখে বাংলাদেশসহ বিশ্বের অনেক দেশের লোকজনেই জি-মেইল একাউন্ট পেয়েছেন।

জি-মেইল সোয়াপে বার্তা পোস্ট করবেন কীভাবে?

১. প্রথমেই ইন্টারনেট কানেক্টেড থাকা অবস্থায় www.gmailswap.com সাইটে প্রবেশ করুন।

২. সাইটের বামপাশে Post a new swap লিঙ্কে ক্লিক করুন, নতুন একটি পেজ ওপেন হবে, সেখান থেকে Need a login? Register Here-এ ক্লিক করে সোয়াপ পোস্ট করার আগে আপনাকে রেজিস্ট্রার করে নিতে হবে। ফর্মে শুধু ইউজার নেম ও আপনার যেকোনো একটি ই-মেইল এড্রেস টাইপ করে রেজিস্ট্রার বাটনে ক্লিক করুন। কিছুক্ষণের মধ্যেই পাসওয়ার্ডটি আপনার একাউন্টে পৌঁছে যাবে।

৩. এবার পোস্ট এ নিউ সোয়াপ লিঙ্কে ক্লিক করে ইউজার নেম ও পাসওয়ার্ড লিখে সাইন ইন করুন।

৪. In exchange for a Gmail account, I offer : এর বক্সে সোয়াপ (বার্তার) হেডিং লিখুন, মনে রাখবেন, হেডিংয়ের ওপর অনেক কিছু নির্ভর করে, তাই হেডিংটি যেন আকর্ষণীয় হয়। আপনি মজার মজার কবিতা, ভালোবাসার ডায়ালগ, বিনামূল্যে বিভিন্ন পোস্ট কার্ড, মূল্যবান কোনো পুরনো ছবি জি-মেইলের একাউন্টের পরিবর্তে অফার করতে পারেন।

৫. হেডিং লেখার পর একদম নিচের বক্সে পছন্দমতো বার্তা লিখে ডান পাশের বাটনে ক্লিক করে বার্তা পোস্ট করুন। একটি ইউজার নেম দিয়ে প্রতিদিন একবার সোয়াপ পোস্ট করা যায়।

ইয়াহু

জনপ্রিয় ইয়াহু মেইল গত ১৫ জুন থেকে প্রত্যেক ইউজারকে ১০০ মেগাবাইট মেইলবক্স স্টোরেজের সুবিধা দিচ্ছে। যারা পূর্বে ইয়াহু মেইল ব্যবহার করতেন তারাও এ সুবিধা পাবেন। ১০০ এমবি স্টোরেজের সাথে শক্তিশালী স্প্যাম প্রতিরোধ, সর্বোচ্চ ১০ এমবি এটাচমেন্ট ফাইল পাঠানোরও ব্যবস্থা করেছে ইয়াহু। জি-মেইল তাদের ব্যবহারকারীদের ১০০০ এমবি স্পেস দেওয়ার ফলে ইয়াহুর জনপ্রিয়তা কিছুটা কমতে থাকে। তাদের জনপ্রিয়তাকে পুনরায় চাঙ্গা করার জন্য ৪ এমবি স্পেসের বদলে ১০০ এমবি দিচ্ছে। ইয়াহু ই-মেইল একাউন্টটি দিয়ে ই-মেইল আদান-প্রদানসহ ৩০ এমবি স্পেসের ফটো এলবাম, ব্রিফকেস, ওয়েবসাইট হোস্টিং এবং ইয়াহু ক্যালেন্ডার ছাড়াও অন্যান্য সুযোগ-সুবিধা দিচ্ছে সম্পূর্ণ বিনামূল্যে যা জি-মেইলে নেই। যারা এখনও ইয়াহুতে ই-মেইল একাউন্ট তৈরি করেননি, এখনই www.mail.yahoo.com সাইটে প্রবেশ করে প্রথমে সাইনআপ নাও বাটনে ক্লিক করে, পরবর্তী পেইজের বাম পাশের ফ্রি লেখার পাশে Sign up for Yahoo!

mail now বাটনে ক্লিক করে রেজিস্ট্রেশন ফর্মে পছন্দমতো ইয়াহু আইডি, পাসওয়ার্ড, জন্মদিন প্রভৃতি তথ্য দিয়ে সাবমিট করুন। সবকিছু ঠিকঠাক থাকলে ইয়াহুতে একাউন্ট তৈরি হয়ে যাবে। এবার ইয়াহুর ১০০ এমবি স্পেসের ই-মেইল একাউন্টটি ব্যবহার করতে পারবেন।

স্পাইম্যাক

গুগলের গিগাবাইট মেইল একাউন্ট দেয়ার কথা ঘোষণার এক সপ্তাহ পরেই ওয়েব হোস্টিং কোম্পানি স্পাইম্যাক ফ্রি গিগাবাইট মেইল স্টোরেজ দেয়ার কথা জানিয়ে দেয়। নাম শুনে বুদ্ধিমান পাঠকেরা ম্যাকিন্টোস পিসির গন্ধ পেলেও এই মেইল সার্ভিসটি যেকোনো অপারেটিং সিস্টেম থেকে ব্যবহার করা যাবে। এবং এতে নেই কোনো কি-বোর্ড স্ক্যানিং কিংবা বিজ্ঞাপনের ঝামেলা। এর ফলে রীতিমতো অস্তিত্ব নিয়ে টানাটানি শুরু হয়েছে ইয়াহু এবং মাইক্রোসাফট হটমেইলের। এর চেয়ে অনেক কম স্টোরেজ দিয়ে এই দু'টি কোম্পানি বছর শেষে চার্জ করতো ১০ এবং ৫০ ডলার। যদিও ইয়াহু দিচ্ছে ১০০ মেগাবাইট মেইল স্টোরেজ। কিন্তু তা স্পাইম্যাক অপেক্ষা ১০ গুণ কম। স্পাইম্যাকের প্রধান টেকনোলজি অফিসার কেভিন অবশ্য বিশ্বাস করেন যে, সাইবার দুনিয়ায় টিকে থাকতে হলে অচিরেই ইয়াহু এবং হটমেইলকেও একই সার্ভিস দিতে হবে। এক গিগাবাইটের একটি মেইল একাউন্টের আয়তন কেমন হবে তা একটু বুঝিয়ে বলা যাক। একবার ভাবুনতো আপনার মেইল একাউন্টে ৫,০০,০০০ পৃষ্ঠা মেসেজ স্টোর করা আছে। অনলাইনে ই-মেইল করতে আরো জায়গার আপাতত কোনো প্রয়োজন আছে কি?

কিভাবে মেইল একাউন্ট তৈরি করবেন

প্রথমেই ইন্টারনেট ব্রাউজারে লিখুন www.spymac.com। এতে এক গিগাবাইট মেইল একাউন্টের পাশাপাশি পাবেন ১০০ মেগাবাইটের ফ্রি ওয়েব হোস্টিং স্পেস, ২৫০ মেগাবাইট ফটো স্টোরেজ, ফোরাম, গ্যালারি এবং কম্যুনিটি তৈরির সুবিধা। একাউন্ট পেতে সাইন ইন-এ ক্লিক করুন। পাঁচটি স্টেপে মেম্বারশিপ ফরম পূরণ করতে হয়। প্রথম ধাপে আপনার কাঙ্ক্ষিত নাম এবং পাসওয়ার্ডটি লিখুন। একটি সিক্রেট শব্দ দেয়া থাকবে তা নির্দিষ্ট ঘরে টাইপ করতে হবে। এভাবে প্রতি ধাপে প্রয়োজনীয় তথ্য দিয়ে পেয়ে যাবেন এক গিগাবাইটের একটি ফ্রি ই-মেইল একাউন্ট। এ ক্ষেত্রে আপনার মেইল এড্রেসটি হবে নাম @ spymac.com। সঙ্গে আরো রয়েছে একটি ফ্রি ওয়েব স্পেস যার এড্রেস হবে মেম্বারের নাম spymac.net।

রেডিফ মেইল

এটি ভারতের সবচেয়ে জনপ্রিয় মেইল সার্ভিস। ভারতের প্রায় সব রাষ্ট্রের মহাসড়কেই এই ওয়েবসাইটের বিজ্ঞাপনী ব্যানার দেখা যায়। যদিও এই সার্ভিস শুধু ভারতীয়দের জন্যই সীমাবদ্ধ কিন্তু তারপরেও এতে মেইল একাউন্ট খুলতে পারবেন। এজন্য ব্রাউজারে টাইপ করুন www.rediffmail.com। এখানে নতুন মেম্বার হিসেবে সাইনআপ করুন। তবে একটি বিষয় খেয়াল রাখবেন, এ ক্ষেত্রে দেশের নাম ভারত দিতে হবে। এবং অঞ্চল এর কোড নম্বর সঠিকভাবে টাইপ করুন। যারা ভারতীয় সিনেমা কিংবা ফ্যাশন নিয়ে আগ্রহী তারা এখানে মেইল একাউন্ট খুলতে পারেন। এক গিগাবাইটের মেইল একাউন্টের পাশাপাশি এখানে পাবেন ভারতীয় চলচ্চিত্রের খবরাখবর।

হটমেইল

মেইল স্টোরেজের এই লড়াই থেকে জনপ্রিয় হটমেইল সরে আছে অনেক দুরে। এখনো হটমেইল দিচ্ছে ২ মেগাবাইট জায়গা মাত্র। তবে অনেকেই আশা করছেন যে নতুন সুবিধা এবং বিশাল স্টোরেজ নিয়ে অচিরেই আসছে নতুন হটমেইল।

পরিশেষে, ই-মেইল একাউন্ট স্টোরেজ বেড়ে যাওয়ার সঙ্গে সঙ্গে বাড়ছে স্প্যাম মেইলের সম্ভাবনা। হ্যাকারদের জন্য আশীর্বাদ হয়ে দাঁড়াবে এই বিশাল স্টোরেজ। কেননা আগে স্টোরেজ সংকটের কারণে ভাইরাসের কোডিং লিখতে হতো এমনভাবে যেন কোনোমতেই ফাইলের সাইজ ৩০ কিলো-বাইটের বেশি না হয়। তাতেই দুনিয়াজুড়ে ত্রাহি ত্রাহি অবস্থা। ভেবে দেখুন এই ভাইরাসের সাইজ যদি ১০ মেগাবাইট হয় তবে কি অবস্থা হতে পারে। অনলাইন নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত না করে স্টোরেজ বৃদ্ধি বরং বাড়িয়ে দিয়েছে সিকিউরিটিজনিত ঝক্কি-ঝামেলা। যদিও এখন অধিকাংশ মেইল একাউন্ট স্প্যাম ফ্রি বলে দাবি করা হয়। তাই বেছে নিন আপনার পছন্দের মেইল একাউন্ট।